

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২২৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০১২তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০১২তম কমিশন সভা গত ০৫/০৫/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

Vanguard Asset Management Limited কর্তৃক ২০১৩ সালে Vanguard AML Rupali Bank Balanced Fund ফান্ড হতে Bengal Poly & Paper Sack Limited এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যের ৬.০০ লক্ষ সাধারণ শেয়ারে ১৫.০০ টাকা প্রিমিয়ামসহ প্রতিটি ২৫.০০ টাকা দরে মোট ১.৫০ (এক দশমিক পঞ্চাশ) কোটি টাকা সিকিউরিটিজ আইন লঙ্ঘন করে বিনিয়োগ করা হয়। উক্ত ফান্ডের বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে কমিশন হতে আদেশ জারির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে Vanguard Asset Management Limited উক্ত ফান্ডে ৫.৭৪ (পাঁচ দশমিক চূয়াত্তর) কোটি টাকা জমা/ফেরত প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সিকিউরিটিজ আইন লঙ্ঘন করে বিনিয়োগকৃত উল্লিখিত অর্থ উক্ত ফান্ডে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা প্রদান/ ফেরত আনতে ব্যর্থ হলে, Vanguard Asset Management Limited কে ৬.৭৫ (ছয় দশমিক পঁচাত্তর) কোটি টাকা অর্থদণ্ডে দণ্ডিত করারও সিদ্ধান্ত গৃহীত হয়।


Vanguard Asset Management Limited কর্তৃক ২০১৭ সালে Vanguard AML Rupali Bank Balanced Fund ফান্ড হতে AFC Health Limited এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যের ৪৮.০০ লক্ষ সাধারণ শেয়ারে ২.৫০ টাকা প্রিমিয়ামসহ প্রতিটি ১২.৫০ টাকা দরে মোট ৬.০০ কোটি টাকা সিকিউরিটিজ আইন লঙ্ঘন করে বিনিয়োগ করা হয়। উক্ত ফান্ডের বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে কমিশন হতে আদেশ জারির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে Vanguard Asset Management Limited উক্ত ফান্ডে ১৪.৮৫ (চৌদ্দ দশমিক পঁচাশি) কোটি টাকা জমা/ফেরত প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সিকিউরিটিজ আইন লঙ্ঘন করে বিনিয়োগকৃত উল্লিখিত অর্থ উক্ত ফান্ডে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা প্রদান/ ফেরত আনতে ব্যর্থ হলে, Vanguard Asset Management Limited কে ১৬.০০ (ষোল) কোটি টাকা অর্থদণ্ডে দণ্ডিত করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লিখিত সময় (৩০ দিন) অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে উক্ত ফান্ড ম্যানেজার কোম্পানিকে আরোপিত অর্থদণ্ড নিজস্ব দায় হিসাবে পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, উক্ত সময়ে অর্থদণ্ড পরিশোধে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ১০.০০ (দশ) হাজার টাকা করে অতিরিক্ত অর্থদণ্ড আরোপ করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত অনিয়ম সংঘটিত হওয়ার পেছনে উক্ত মিউচুয়াল ফান্ডের ট্রাস্টি হিসেবে Investment Corporation of Bangladesh (ICB) যথাযথ তদারকি ও দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ফান্ডের ইউনিট হোল্ডারদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে বিধায় ট্রাস্টি ICB- কে ১৫.০০ (পনের) লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এই বিনিয়োগের উপর হঠাৎ করে সংশ্লিষ্ট ফান্ড কর্তৃক ৯৯% প্রভিশন রাখার বিষয়টি নিরীক্ষা প্রতিবেদনে ফান্ডের নিরীক্ষক Malek Siddiqui Wali & Co., Chartered Accountants যথাযথভাবে স্পষ্ট না করার কারণে Malek Siddiqui Wali & Co., Chartered Accountants এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য Financial Reporting Council-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র